

‘ছেলে হোক, মেয়ে হোক
দু’টি সন্তানই যথেষ্ট’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা- ১২১৫
www.dgfp.gov.bd

স্মারক নং-৫৯.১১.০০০০.১৫২.১১.০১৪.২১-৬১১

তারিখ: ২৬ মাঘ, ১৪২৯
০৯ ফেব্রুয়ারি, ২০২৩

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ১০.০৩.২০২০ তারিখের ৫৯.১১.০০০০.১৫২.১১.০০২.২০-৬৯৬ সংখ্যক স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী মনোনয়নের নিমিত্ত MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা আগামী ১৮.০২.২০২৩ তারিখ বেলা ০৩.০০ ঘটিকায় জেলা পর্যায়ে মোট ৪৬ (ছেচল্লিশ)টি জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আগামী ১৩.০২.২০২৩ তারিখ থেকে পরীক্ষার পূর্ব দিন পর্যন্ত <http://dgfp.teletalk.com.bd> ওয়েবসাইট হতে প্রবেশপত্র ডাউনলোডপূর্বক কালার প্রিন্ট করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উল্লেখ্য, এই প্রবেশপত্রটিই পরবর্তী মৌখিক পরীক্ষাসহ অন্যান্য প্রশাসনিক কর্মকান্ডে ব্যবহৃত হবে।

২। পরীক্ষার প্রবেশপত্র সংক্রান্ত যেকোন সমস্যার দ্রুত সমাধানে vas.query@teletalk.com.bd ইমেইলে ১৬.০২.২০২৩ তারিখের মধ্যে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা যেকোন অপারেটরের ফোন থেকে ০১৫০০১২১১২১ নম্বরে কল করে সমস্যা সমাধানে পরামর্শ গ্রহণ করা যেতে পারে।



(খান মোঃ রেজাউল করিম)

অতিরিক্ত সচিব ও

পরিচালক (প্রশাসন)

ফোন: ৫৫০১২৩৪২

ইমেইল: diradmin@dgfp.gov.bd


২.২.২৩